"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি /২০১৮/৩৮৯ তারিখ : ১৮/১১/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ জেএসসি পরীক্ষা-২০১৮ এ কৃষি শিক্ষা (১৩৪)/গার্হস্থ্য বিজ্ঞান (১৫১), শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) এবং চারু ও কারুকলা (১৪৮) বিষয়সমূহের নম্বর অনলাইনে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এ বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও জেএসসি পরীক্ষা-২০১৮ এর অনুমোদিত কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, জেএসসি পরীক্ষা-২০১৮ এর **নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে** কৃষি শিক্ষা (১৩৪)/গার্হস্থ্য বিজ্ঞান (১৫১), শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) এবং চারু ও কারুকলা (১৪৮) এবং **অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে** শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) এবং চারু ও কারুকলা (১৪৮) বিষয়সমূহে এনসিটিবি এর নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রদত্ত নম্বর ফর্দ জেএসসি পরীক্ষার রোল নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষরিত কপি কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করবে। কেন্দ্র সচিব কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) জেএসসি কর্ণারে গিয়ে জেএসসি-২০১৮ এর রোল শীট ও হাজিরাপত্র প্রিন্ট করার জন্য প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করে আগামী ১৯/১১/২০১৮ খ্রিঃ হতে ২৭/১১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অনলাইনে এন্ট্রি নিশ্চিত করবেন।

বিঃদ্রঃ (কৃষি শিক্ষা-১৩৪/গার্হস্থ্য বিজ্ঞান-১৫১ বিষয়ে পূর্ণমানঃ ১০০ এবং অন্যান্য বিষয়সমূহে পূর্ণমানঃ ৫০)। এক্ষেত্রে প্রতিষ্ঠান/কেন্দ্র কোন ধরনের ফি আদায় করতে পারবে না।

১৮/১১/১৮
(ড. মোঃ শফিকুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

কেন্দ্র সচিব/অধ্যক্ষ/প্রধান শিক্ষক
জেএসসি পরীক্ষা-২০১৮/মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান।

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি /২০১৮/৩৮৯(০৫) তারিখ : ১৮/১১/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/লক্ষ্মীপুর/ফেনী
২। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেএসসি পরীক্ষা-২০১৮ এর অনুমোদিত সকল কেন্দ্র
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৫। সংরক্ষণ নথি।

১৮/১১/১৮
(ড. মোঃ শফিকুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২